



মির্জাপুর (টাঙ্গাইল)ঃ শ্রেণী কক্ষের অভাবে টাকিয়া কদমা বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গাছের নিচে ক্লাস করছে -ইত্তেফাক

মি জী পু র

এর নাম স্কুল?

মির্জাপুর (টাঙ্গাইল) থেকে সংবাদদাতা ী সরকারের অবহেলা আর স্থানীয় প্রশাসনের সহানুভূতির অভাবে প্রায় ২শ ছাত্র-ছাত্রীর টাকিয়া কদমা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টি ৬ বছরেও এমপিওভুক্ত না হওয়ায় ৬ জন শিক্ষক মানবের জীবনযাপন করছেন। বিদ্যালয়টি এমপিওভুক্ত হবে এই আশায় এ ৬ জন শিক্ষক বিনা বেতনে শিক্ষা দিয়ে যাচ্ছেন। টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার তরফপুর ইউনিয়নের কদমা একটি অবহেলিত গ্রাম। যোগাযোগ ব্যবস্থা অনুন্নত। শিক্ষার আলো থেকে এ এলাকার লোকজন পিছিয়ে-এ গ্রামের হাজী জয়েন উদ্দিন সিকদার শিক্ষা প্রসারের লক্ষ্যে ১শ শতাংশ জমির উপর ১৯৯৭ সালের ১ জানুয়ারী বিদ্যালয়টি স্থাপন করেন। ১৯৯৯ সালের আগষ্ট মাসে বোর্ড থেকে বিদ্যালয়টি পাঠদানের অনুমতি পায়। প্রধান শিক্ষক মির্জা শাহ আলম ও শিক্ষকদের অক্লান্ত পরিশ্রমে বিদ্যালয়ের প্রসার ঘটে যা-বর্তমানে ৮ম শ্রেণী পর্যন্ত ১৮৯ জন ছাত্র/ছাত্রী রয়েছে। পার্শ্ববর্তী তরফপুর, বীরদাম, শেওড়াডেল, গেড়াকি, রামপুর, শিরঘাটাসহ ১০/১২টি গ্রামের একমাত্র বিদ্যালয় টাকিয়া কদমা। শ্রেণীকক্ষ না থাকায় প্রখর রোদে পড়ে ও বৃষ্টিতে ভিজে ছাত্র/ছাত্রীরা গাছের নিচে ক্লাস করছে। এদিকে ফলাফলের দিক দিয়েও বিদ্যালয়টির সুনাম রয়েছে। বিদ্যালয়ে বিদ্যা নেই, আধাপাকা, শ্রেণীকক্ষের অভাবসহ নানাবিধ সমস্যায় জর্জরিত।